গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
১, কাওরানবাজার, টিসিবি ভবন (৭ম তলা) ঢাকা।
www.roc.gov.bd

০৫ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ

স্মারক নং- ২৬.০৬.০০০০.০১০.১১.০০৪.২০/১৩৫১

তারিখ ঃ ---------------
২০ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং- ২৬.০০.০০০০.০৮৮.১১.০৭১.১২- ২২০, তারিখ: ৩১ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ এবং ২৬.০০.০০০০.০৮৮.১১.০৭১.১২.৩১৩ তারিখঃ ২০ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ এর মাধ্যমে শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রাপ্তির পরিপ্রেক্ষিতে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩তম, ১৬তম এবং ২০তম গ্রেডভুক্ত নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য পদের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা এবং নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://roc.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্যপদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | কম্পিউটার অপারেটর (১৩তম গ্রেড) ১১,০০০-২৬,৫৯০/- | ০২ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test- এ উত্তীর্ণ হইতে হইবে। | ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, টাঙ্গাইল, জামালপুর, নেত্রকোণা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, রাঙ্গামাটি, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, দিনাজপুর, গাইবান্ধা, নীলফামারী, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরগুনা, পটুয়াখালি, সিলেট, মৌলভীবাজার এবং সুনামগঞ্জ জেলা।<br>তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (১৬ তম গ্রেড) ৯,৩০০-২২,৪৯০/ | ০২টি | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং Computer ব্যবহারের ক্ষেত্রে Word Processing , Data Entry ও Typing এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ১৫ টি এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২০টি শব্দের গতি থাকতে হবে। | |
| ৩. | গাড়ী চালক (১৬তম গ্রেড) ৯,৩০০-২২,৪৯০/ | ০১টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্সঃ হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। | |
| ৪. | রেকর্ড কিপার (১৬তম গ্রেড) ৯,৩০০-২২,৪৯০/- | ০১টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) রেকর্ড সংরক্ষণে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা | |
| ৫. | অফিস সহায়ক (২০ তম গ্রেড) ৮,২৫০-২০,০১০/- | ০২টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোণা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালি, সিলেট, মৌলভীবাজার এবং হবিগঞ্জ জেলা।<br>তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে ঃ

১. আবেদনপত্র পূরণ ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যসহ পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের www.roc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে ;
২. একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না;
৩. আবেদনকারীর বয়স ২৫/০৮/২০২২ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বৎসর;
৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান ও পরিবর্তিত সর্বশেষ বিধি বিধান অনুসরণ করতে হবে;
৫. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবেন;
৬. ক্রমিক নং- ০১, ০২, ০৩ এবং ০৪ এ বর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ ১১২/- টাকা এবং ০৫ নং ক্রমিকে বর্ণিত প্রার্থীদের জন্য ৫৬/- টাকা আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলি অনুসরণ করে SMS - এর মাধ্যমে প্রদান করতে হবে;
৭. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাসবৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;
৮. প্রার্থীদের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;
৯. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
১০. পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
১১. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি এবং একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে এবং পুরণকৃত Application Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এ ছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের মূলকপি এবং আবেদনকারী কোন বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদের মূল কপিসহ সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার সনদপত্রের মূলকপি উপস্থাপনসহ একসেট ফটোকপি জমা দিতে হবে। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্রের মূল কপি জমা দিতে হবে।
১২. আবেদন পূরণ সংক্রান্ত তথ্যাবলী ঃ
   (ক) আগ্রহী প্রার্থীকে Online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://rjsc.teletalk.com.bd ওয়েব সাইটে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক Online-এ আবেদন পূরণ ও দাখিল করতে হবে;
   (খ) I. Online-এ আবেদন পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময় ২৬/০৭/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা;
   II. Online-এ আবেদন পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময় ২৫/০৮/২০২২ খ্রিঃ তারিখ সন্ধ্যা ০৬.০০ টা ;
   (গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
   (ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
১৩. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০-০৭-২০২২
(সন্তোষ কুমার পন্ডিত পিএএ)
অতিরিক্ত নিবন্ধক (যুগ্ম সচিব)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
ঢাকা।